# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**15 March 2026** **7:45 PM IST**

==========================================================================

(১) আসাম সহ ৪ টি রাজ্য ও একটি কেন্দ্রীয় শাসিত অঞ্চলের আসন্ন বিধানসভা নির্বাচনের দিন ঘোষনা ।

(২) রাজ্যের ১২৬ টি বিধানসভা কেন্দ্রের জন্য আগামী ৯ এপ্রিল একটি পর্যায়ে ভোটগ্রহণ ।

(৩) আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য বিভিন্ন দলের প্রার্থীর তালিকা প্রকাশ ।

এবং

(৪) দেশের ৩০ টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলে রান্নার গ্যাসের বাণিজ্যিক সিলিন্ডারের পর্যাপ্ত পরিমাণের মজুত নিশ্চিত করা হয়েছে বলে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রনালয়ের প্রকাশ ।

আসাম সহ ৪ টি রাজ্য ও একটি কেন্দ্রীয় শাসিত অঞ্চলের আসন্ন বিধানসভা নির্বাচনের দিন আজ ঘোষনা করা হয়েছে । নতুন দিল্লীর বিজ্ঞান ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে মূখ্য নির্বাচন আধিকারিক জ্ঞানেশ কুমার বলেন যে রাজ্যের ১২৬ টি বিধানসভা কেন্দ্রের জন্য আগামী ৯ এপ্রিল একটি পর্যায়ে নির্বাচন অনুষ্ঠিত হবে । প্রার্থীরা আগামী ২৩ মার্চ পর্যন্ত মনোনয়ন দাখিল করতে পারবেন এবং ২৬ মার্চ মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন । ২৮ মার্চ মনোনয়নপত্রসমূহ পরীক্ষা করা হবে । চৌঠা মে নির্বাচনের ফলাফল ঘোষনা করা হবে । রাজ্যে এবার দুই কোটি ৫০ লক্ষেরও বেশী ভোটদাতা তাঁদের ভোটাধিকার সাব্যস্ত করবেন । এরমধ্যে এক কোটি ২৫ লক্ষ পুরুষ , এক কোটি ২৫ লক্ষ মহিলা এবং ৩৪৩ জন তৃতীয় লিঙ্গের ভোটদাতা রয়েছেন ।

বাইট

এই সাংবাদিক সম্মেলনে আজ পশ্চিমবঙ্গ ,তামিলনাডু ,কেরালাম ও পুদুচেরীর বিধানসভা নির্বাচনের সময়সূচীও ঘোষনা করা হয় । এ অনুসারে কেরালাম , ও পুদুচেরীতে ৯ এপ্রিল একটি পর্যায়ে নির্বাচন অনুষ্ঠিত হবে । তামিলনাড়ুতে ২৩ এপ্রিল একটি পর্যায়ে নির্বাচন অনুষ্ঠিত হবে । দুটি পর্যায়ে অনুষ্ঠেয় পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের প্রথম পর্যায় ২৩ এপ্রিল এবং দ্বিতীয় পর্যায়

২৯ শে এপ্রিল অনুষ্ঠিত হবে । মূখ্য নির্বাচন আধিকারিক সাংবাদিক সম্মেলনে শুদ্ধ ভোটার তালিকা গনতন্ত্রের ভিত বলে উল্লেখ করে বলেন যে এ উদ্দেশ্যকে সামনে রেখেই নির্বাচন কমিশন ভোটার তালিকার বিশেষ পুংখানুপুংখ পুনরনীরিক্ষণ প্রক্রিয়া চালিয়েছিলো । প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে পানীয় জল , শৌচাগার ইত্যাদির মতো ন্যূনতম ব্যাবস্থাসমূহ নিশ্চিত করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে বলে তিনি জানান । সেইসঙ্গে তিনি বলেন যে নির্বাচন কমিশন সম্প্রতি নির্বাচন প্রক্রিয়া অধিক স্বচ্ছ করে তোলার জন্য

৩০ টি নতুন পদক্ষেপ গ্রহণ করেছে । প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে এক হাজার ২০০ ভোটদাতা ভোটদান করতে পারবেন বলেও তিনি জানান ।

---

রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য আম আদমী পার্টী ১৪ টি আসনের জন্য প্রথম এবং চূড়ান্ত প্রার্থী তালিকা ঘোষণা করেছে । এদিকে কংগ্রেস দল গতকাল রাতে দ্বিতীয় প্রার্থী তালিকা প্রকাশ করেছে ।নিখিল ভারত কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক কে সি বেণুগোপালের স্বাক্ষর করা এক পত্র অনুযায়ি কংগ্রেস দল ২৩ টি আসনে দলীয় প্রার্থী প্রদান করা সহ ১৫ টি আসনে মিত্রদলের প্রার্থী প্রদান করবে , এরমধ্যে ১১ টি আসনে অসম জাতীয় পরিষদ , দুটি আসনে এ পি এইচ এল সি এবং দুটি আসনে সি পি আই এম এলের প্রার্থী প্রদান করবে । এই তালিকা অনুযায়ি কংগ্রেস দল বরাক উপত্যকার দুটি আসন ধলাই ও দক্ষিণ করিমগঞ্জ আসনে দলীয় প্রার্থী প্রদান করবে ।দক্ষিণ করিমগঞ্জ আসনে আমিনুর রশিদ চৌধুরী এবং ধলাই আসনে ধ্রুবজ্যোতি পুরকায়স্থকে প্রার্থীত্ব প্রদান করা হয়েছে ।উল্লেখ্য কংগ্রেস দল এর পূর্বে ৪২ জন প্রার্থীর নামের প্রথম তালিকা প্রকাশ করেছিল । এদিকে কংগ্রেসের বিরুদ্ধে অসন্তুষ্টি প্রকাশ করে রাইজর দল ইতিমধ্যে মিত্রতা না করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । রাইজর দল গতকাল দুটি আসনের জন্য প্রার্থীর নামের তালিকা প্রকাশ করেছে ।এদিকে বিজেপি আগামী ১৮ ই মার্চ নির্বাচনের জন্য প্রার্থী তালিকা প্রকাশ করবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা ইতিমধ্যে জানিয়েছেন । বিজেপির তালিকায় বেশ কয়েকজন নতুন প্রার্থীর নাম থাকবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন ।বরাক উপত্যকার ১০

টি আসনে বিজেপি এবং তিনটি আসনে অসম গণ পরিষদ দল প্রতিদ্বন্দিতা করবে বলে ও মুখ্যমন্ত্রী জানান ।

.................................................................................................

আসন্ন বিধানসভা নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করতে শ্রীভুমির জেলা আয়ুক্ত নির্বাচনের কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত জেলার সব সরকারী কার্যালয় ,রাষ্ট্রায়ত্ব সংস্থা বা পি এস ইউ এবং ব্যাঙ্কগুলি রবিবার ও অন্যান্য ছুটির দিনেও খোলা রাখতে নির্দেশ জারী করেছেন । প্রতিটি কার্যালয়ে একজন অফিস অ্যাসিসটেন্ট এবং একজন এম টি এস বা চতুর্থ শ্রেণীর কর্মীকে উপস্থিত থাকতে হবে । নির্বাচন সংক্রান্ত জরুরী চিঠিপত্র ও নথি গ্রহণ করার জন্য এই নির্দেশ দেওয়া হয়েছে । এই নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট আধিকারিকের বিরুদ্ধে নির্বাচন কমিশনের কাছে রিপোর্ট পাটানো হবে এবং আইন অনুযায়ী ব্যাবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে ।

.................................................................................................

২০২৬ শিক্ষাবর্ষ থেকে ষষ্ঠ শ্রেণী , সপ্তম ও অষ্টম শ্রেণীতে আসামের ইতিহাস ও ভূগোল বিষয় দুটি ছাত্র ছাত্রীদের বাধ্যতামূলক বিষয় হিসেবে অধ্যয়ন করতে হবে ।রাজ্য সরকারের বিদ্যালয় শিক্ষা বিভাগের সচিব শাহ নওয়াজ চৌধুরীর এসম্পর্কে জারি করা নির্দেশ অনুযায়ী ইতিহাস ও ভূগোল বিষয় দুটি নিয়মিত পাঠক্রমের অর্ন্তভুক্ত হবে এবং ষষ্ঠ , সপ্তম ও অষ্টম শ্রেণীতে এই বিষয় দুটি বাধ্যতামূলকভাবে পাঠদান করতে হবে । আসামের সমৃদ্ধ সাংস্কৃতিক ,সামাজিক ও ভাষা পরিচয় ত্বরান্বিত করার জন্য ইতিহাস ও ভূগোল বিষয় দুটি বাধ্যতামূলক করা হয়েছে বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে ।

.................................................................................................

সরকার রান্নার গ্যাসের বানিজ্যিক সিলিন্ডারগুলির বিতরনে অগ্রাধিকার দিচ্ছে । দেশের ৩০টি রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের গ্রাহকদের জন্য পর্যাপ্ত পরিমানের রান্নার গ্যাসের বাণিজ্যিক সিলিন্ডারের মজুত নিশ্চিত করা হয়েছে বলে পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রনালয় জানিয়েছে ।দেশে রান্নার গ্যাসের বিতরন ব্যহত হওয়ার কোন আশংকা নেই বলে জানানো হয়েছে। মন্ত্রনালয় দেশে পেট্রল ও ডিজেল যথেষ্ট পরিমানে মজুদ রয়েছে বলে আশ্বস্থ করেছে । মন্ত্রনালয় আরো জানিয়েছে যে গত শুক্রবার দেশে ৮৮ লক্ষ রান্নার গ্যাসের সিলিন্ডার বুকিং হওয়ার পরিবর্তে গতকাল ৭৭ লক্ষ রান্নার গ্যাসের সিলিন্ডার বুকিং করা হয়েছে ।

.................................................................................................

ভারতীয় আবহাওয়া দপ্তরের গুয়াহাটী কেন্দ্রের পূর্বাভাস অনুযায়ি আসাম সহ মণিপুর , মিজোরাম , ত্রিপুরা , মেঘালয় নাগালেন্ড ও অরুণাচল প্রদেশের বিভিন্ন স্থানে মাঝারি থেকে ভারী ও অতি ভারী বৃষ্টিপাত এবং শিলাবৃষ্টির সম্ভাবনার কথা জানানো হয়েছে । এছাড়া বজ্রপাত ও ঝড়ো হাওয়ার সম্ভাবনার কথাও জানা হয়েছে । গত ২৪ ঘন্টায় আসামে উল্লেখযোগ্য বৃষ্ট হয়েছে এর মধ্যে শিলচরে ৪ সেন্টিমিটার এবং পাঁচগ্রামে ১৪ সেন্টিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে ।

.................................................................................................

প্রতিকূল আবহাওয়ার জন্য কাজিরঙ্গা জাতীয় উদ্যোনের কহরা বনাঞ্চলে আগামীকাল থেকে আগামী ১৯শে মার্চ পর্য্যন্ত জীপ ও হাতী সাফারি বন্ধ থাকবে । অন্যদিকে বাগরী বনাঞ্চলে জীপ ও হাতী সাফারি অব্যাহত থাকলেও বুঢ়াপাহাড় ও অগরাতলি বনাঞ্চলে পর্যটক জীপ সাফারি করতে পারবেন বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে এবং ভারতীয় বিশ্ববিদ্যালয় এসোসিয়েশনের সহযোগীতায় আয়োজিত জাতীয় আন্ত: বিশ্ববিদ্যালয় সেপাক টাকরো প্রতিযোগীতা গতকাল সমাপ্ত হয়েছে । প্রতিযোগীতায় সমগ্র দেশ থেকে মহিলা বিভাগে ১৭টি বিশ্ববিদ্যালয় এবং পুরুষ বিভাগে ২৮টি বিশ্ববিদ্যালয় অংশগ্রহন করেছে । প্রতিযোগীতায় মহিলা ও পুরুষের দলগত বিভাগে আসাম বিশ্ববিদ্যালয় এবং মহিলা ও পুরুষের রেগুলার ও কুয়াড বিভাগে মণিপুর বিশ্ববিদ্যালয় বিজয়ী হয়েছে ।আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক রাজীব মোহন পন্থ খেলোয়াড়দের হাতে পুরষ্কার তুলে দিয়েছেন । সমাপ্তি অনুষ্টানে বক্তব্য রাখতে গিয়ে উপাচার্য্য শ্রী পন্থ বলেন যে এধরনের জাতীয় আন্ত বিশ্ববিদ্যালয় প্রতিযোগীতা সফলভাবে সম্পন্ন করায় একটি স্বপ্ন সফল হয়েছে ।

জাতীয় শিক্ষানীতি-২০২০ এর লক্ষ্য ও ভাবনার সাথে সামঞ্জস্য রেখে শিক্ষার্থীদের মধ্যে প্রকল্প ভিত্তিক শিক্ষার বাস্তব প্রয়োগকে উৎসাহিত করতে কাছাড় জেলার পি এম শ্রী বিদ্যালয়গুলির জন্য জেলা স্তরের প্রকল্প প্রতিযোগীতা গত বৃহস্পতিবার শিলচরে অনুষ্ঠিত হয়েছে । মোট তিনটি বিভাগে প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে যেখানে অংশগ্রহনকারী শিক্ষার্থীরা তাদের উদ্ভাবনী প্রকল্পের মাধ্যমে বৈজ্ঞানিক ধারনা , সৃজনশীলতা এবং সমস্যা সমাধানের দক্ষতা প্রদর্শন করে ।